

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : এস.এম. তরিকুল ইসলাম
জেলা প্রশাসক, গাজীপুর।
তারিখ : ০১/১১/২০২১ খ্রিঃ
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর এর অফিস কক্ষ
সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত


সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনে ২০২১-২০২২ অর্থবছরে ৫৭ টি ওয়ার্ড হতে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ১০০০ জন ভাতাভোগীর আবেদনপত্র গাজীপুর সিটি কর্পোরেশন ও স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাধ্যমে পাওয়া গিয়েছে। আবেদনপত্র সমূহ অনলাইনে এন্ট্রি করার পর তালিকা প্রস্তুত করা হয়েছে। তিনি অনলাইনে এন্ট্রিকৃত তালিকা ও আবেদনপত্র সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় তালিকা ও আবেদনপত্র সমূহ যাচাই বাছাই করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১। সর্বসম্মতিক্রমে তালিকা অনুমোদিত হয়। ২। নির্বাচিত উপকারভোগীগণ G2P পদ্ধতিতে জুলাই/২০২১ হতে জুন/২০২৪ পর্যন্ত ০৩ বছর ভাতা পাবে।	১। সচিব/প্রতিনিধি, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর
০২	সদস্য সচিব সভায় আরও জানান যে, ব্যাংক হতে ভাতার অর্থ উত্তোলনের সময় ভাতাভোগীদের হয়রানির স্বীকার হতে হয়। ভাতাভোগীদের সুবিধা এবং ভাতা প্রাপ্তি নিশ্চিত হওয়ার জন্য এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ভাতার অর্থ পরিশোধ করা যেতে পারে। এ ক্ষেত্রে ভাতাভোগীদের নিজের জাতীয় পরিচয়পত্র দিয়ে সিম উত্তোলন করে এজেন্ট ব্যাংকিং এ হিসাব খুলতে হবে। অন্যের নামে মোবাইল সিম থাকলে ভাতার অর্থ প্রাপ্য হবেন না।	ভাতাভোগীর সুবিধা অনুযায়ী ব্যাংক/মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং হিসাবের মাধ্যমে ভাতার অর্থ পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। সচিব/প্রতিনিধি, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর ৩। কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০৩	২০১৯-২০ অর্থবছরে নির্বাচিত ২৬৫ জন ভাতাভোগীর ভাতার মেয়াদ আগামী জুন/২০২২ এ শেষ হবে। এ প্রেক্ষিতে নতুন ভাবে ২৬৫ জন ভাতাভোগী নির্বাচন করার ক্ষেত্রে গাজীপুর সিটি কর্পোরেশন ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাধ্যমে আবেদনপত্র নেয়া যেতে পারে।	গাজীপুর সিটি কর্পোরেশন হতে ৭৫% হারে ১৯৮ জন এবং স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাধ্যমে ২৫% হারে ৬৭ জন ভাতাভোগীর আবেদনপত্র নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। সচিব/প্রতিনিধি, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর ৩। কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ৪। সভানেত্রী, স্বেচ্ছাসেবী মহিলা সমিতি (সকল), গাজীপুর।
০৪	গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন (১- থেকে ৫৭ নং ওয়ার্ড) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় নির্বাচিত মা'দের নিয়মিত স্বাস্থ্য সচেতনতা, বাল্যবিবাহ, যৌতুক, জন্ম নিবন্ধন, বিবাহ রেজিস্ট্রেশনসহ, বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্য চুক্তিবদ্ধ এনজিও প্রশিক্ষণ প্রদান করবেন। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর এর সাথে সুতী দিঘুলীপাড়া মহিলা উন্নয়ন সমিতি এবং সুতী পটলপাড়া মহিলা উন্নয়ন সমিতি ০৩ (তিন) বছরের জন্য চুক্তিবদ্ধ হয়েছে। প্রতিটি	সুতী দিঘুলীপাড়া মহিলা উন্নয়ন সমিতিকে গাজীপুর সিটি কর্পোরেশনের ০১ হতে ২৯ নং ওয়ার্ডের ৯৫০ জন এবং সুতী পটলপাড়া মহিলা উন্নয়ন সমিতি অবশিষ্ট ৩০ হতে ৫৭ নং ওয়ার্ডের ৯৫০ জন উপকারভোগীগণকে প্রশিক্ষণ প্রদান করবে মর্মে	১। সচিব/প্রতিনিধি, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর ৩। কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। ৪। সভানেত্রী, সুতী দিঘুলীপাড়া মহিলা উন্নয়ন সমিতি এবং সুতী পটলপাড়া মহিলা উন্নয়ন



সমিতি ৯৫০ জন করে মোট ১৯০০ জন উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান করবে। দুটি সমিতির মাঝে গাজীপুর সিটি কর্পোরেশনের ৫৭ টি ওয়ার্ডের উপকারভোগীদের বিভাজন করে দেয়া প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সমিতি, গোপালপুর, টাঙ্গাইল।
---	--------------------------	----------------------------

পরিশেষে সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০২.০২.২০২২
এস.এম. তরিকুল ইসলাম
জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটি
গাজীপুর।

স্মারক নং : ৩২.০১.৩৩০০.০০০.১৮.০৬২.১৮.

তারিখঃ ৬/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ ৭৪৬

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিভিল সার্জন, গাজীপুর।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, গাজীপুর।
৪. উপপরিচালক, সমাজ সেবা/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গাজীপুর।
৫. সহকারী পরিচালক (ল্যাকটেটিং), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. সভানেত্রী, সুতী দিঘলীপাড়া মহিলা উন্নয়ন সমিতি এবং সুতী পটলপাড়া মহিলা উন্নয়ন সমিতি, গোপালপুর, টাঙ্গাইল।
৮. অফিস নথি।



শাহানা জ আক্তার

উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

গাজীপুর

ফোন নম্বরঃ ০২৪৯২৭৩১৬২